দৈনিক খবর

তারিখ 29 OCT 1989
পৃষ্ঠা ২ কলাম ২

৭৮

# শিক্ষক বাছাইয়ে বৃটিশ টীমকে সহযোগিতা করা হবে ঃ শেখ শহীদ

লন্ডন, ২৮শে অক্টোবর (বাসস)।– শিক্ষামন্ত্রী শেখ শহীদুল ইসলাম গতকাল এখানে বলেছেন যে, বাংলাদেশ সরকার লন্ডনের বিভিন্ন স্কুলে অধ্যায়নরত বিপুলসংখ্যক বাংলাদেশী ছাত্রের জন্য বাংলাদেশ থেকে শিক্ষক বাছাইয়ে বৃটিশ টীমকে সম্ভব সকল সাহায্য ও সহযোগিতাকরবে।

বাংলাদেশ দূতাবাসে বাংলাদেশী শিক্ষক ও কমুনিটি নেতৃবৃন্দের এক বৈঠকে ভাষণদানকালে শিক্ষামন্ত্রী একথা বলেন। এর আগে বৃটেনের স্কুলে

শেষ পৃষ্ঠায় ৪র্থ কলামে

## শিক্ষক বাছাইয়ে

প্রথম পৃষ্ঠার পর

বাংলাদেশি ছাত্রেরা যেসব সমস্যার সম্মুখীন সে বিষয়ে শিক্ষামন্ত্রীকে অবহিত করা হয়।

মন্ত্রী বলেন যে, বাংলাদেশী ছাত্রদের সমস্যা পরীক্ষা করে দেখার জন্য ছাত্রদের পিতামাতা ও অভিভাবক এবং কম্যুনিটি নেতৃবৃন্দকে নিয়ে একটি কমিটি গঠন করা হবে। মন্ত্রী বাংলাদেশে শিক্ষা ব্যবস্থার এবং দেশের শিক্ষার মান উন্নয়নের জন্য গৃহীত ব্যবস্থাদির একটি সংক্ষিপ্তবিবরণদেন।

প্রবাসী বাংলাদেশীরা ছেলেমেয়েদের শিক্ষার জন্য বাংলাদেশে একটি মডেল শিক্ষা প্রতিষ্ঠান প্রতিষ্ঠার যে পরামর্শ দিয়েছেন তিনি এর প্রশংসা করেন। লন্ডনে এসএসসি এবং বিএ'র মত বিভিন্ন পরীক্ষার পরীক্ষা। কেন্দ্র প্রতিষ্ঠার এক দাবীর জবাবে মন্ত্রী বলেন, প্রয়োজনীয়সংখ্যক ছাত্র পাওয়া গেলে তখনই এ সব পরীক্ষার কেন্দ্র প্রতিষ্ঠা করাহবে।